গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ
www.kishoreganjsadar.kishoreganj.gov.bd

## হাট-বাজার ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি

কিশোরগঞ্জ সদর উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪২৮ সনের ১ বৈশাখ থেকে ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তিগণের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ আগামী ০৩/০৩/২০২১ খ্রি. তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত (১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কিশোরগঞ্জ সদর (২) সহকারী কমিশনার (ভূমি), কিশোরগঞ্জ সদর (৩) কিশোরগঞ্জ মডেল থানা (৪) সোনালী ব্যাংক, কিশোরগঞ্জ শাখা ও (৫) জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ (এলজি শাখা) রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে। উক্ত তারিখ বেলা ২.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সটি খোলা হবে। দরপত্রের শর্তাবলী সম্বলিত সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন উল্লিখিত অফিসসমূহ থেকে ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না।

উল্লেখ্য যে, দরপত্র দাখিলের ১ম তারিখে কোন বাজারের অনুকূলে দরপত্র পাওয়া না গেলে অথবা দাখিলকৃত দরপত্রে কাঙ্খিত দর পাওয়া না গেলে পরবর্তীতে যথাক্রমে ১৫/০৩/২০২১ খ্রি. তারিখ, ২৩/০৩/২০২১ খ্রি. তারিখ ও ৩১/০৩/২০২১ খ্রি. তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত উল্লেখিত অফিসসমূহে দরপত্র গ্রহণ করা হবে। এক্ষেত্রে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত উল্লেখিত অফিসসমূহ হতে অফিস চলাকালীন নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র সিডিউল ক্রয় করা যাবে।

| ক্রঃ নং | হাটবাজারের নাম | ইউনিয়ন | কাঙ্খিত সরকারী ইজারামূল্য | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | শ্যামরায়ের বাজার | রশিদাবাদ | ২৩,৬৩৮/- | ৫০০/- | |
| ০২. | লতিবপুর মোড় বাজার | রশিদাবাদ | ৬৩,১৭৬/- | ৫০০/- | |
| ০৩. | সাদুল্লাচর বাজার | লতিবাবাদ | ১৬,০০,৭৭৭/- | ৪০০০/- | |
| ০৪. | লক্ষীগঞ্জ বাজার | লতিবাবাদ | ১,২০,৬৬৩/- | ১০০০/- | |
| ০৫. | নীলগঞ্জ পুরান বাজার | মাইজখাপন | ১,২৮,৫০৭/- | ১০০০/- | |
| ০৬. | নীলগঞ্জ সমবায় বিপনী কেন্দ্র | মাইজখাপন | ২১,৯২,৭৮৬/- | ৫০০০/- | |
| ০৭. | মিলনগঞ্জ বাজার | মাইজখাপন | ২৬,৬০,৬০০/- | ৬০০০/- | |
| ০৮. | সুন্দিরবন বাজার | মাইজখাপন | ৬,৬০৭/- | ৫০০/- | |
| ০৯. | আমিরগঞ্জ বাজার | মহিনন্দ | ১,৮৭,৬৩৩/- | ১০০০/- | |
| ১০. | খিরোদগঞ্জ বাজার | মহিনন্দ | ৬৬,৫৪২/- | ৫০০/- | |
| ১১. | জালিয়া বাজার | বৌলাই | ৫৩০/- | ৫০০/- | |
| ১২. | কাঠালিয়া বাজার | বৌলাই | ৪৭২/- | ৫০০/- | |
| ১৩. | গাবতলী বাজার | বৌলাই | ৮৪৮/- | ৫০০/- | |
| ১৪. | লিয়াকতগঞ্জ বাজার | বৌলাই | ৩৮৮/- | ৫০০/- | |
| ১৫. | যশোদল গোসাইর বাজার | যশোদল | ৩,৩৯,৫৯০/- | ১,৪০০/- | |
| ১৬. | কর্শাকড়িয়াল নতুন বাজার | কর্শাকড়িয়াইল | ২৫,৪৪০/- | ৫০০/- | |
| ১৭. | কর্শাকড়িয়াল বানিয়া বাজার | কর্শাকড়িয়াইল | ১,১৩১/- | ৫০০/- | |
| ১৮. | পুলেরঘাট বাজার | চৌদ্দশত | ১,৩৩,২০৭/- | ১,০০০/- | |
| ১৯. | পুলেরঘাট লিচু বাজার | চৌদ্দশত | ৩০,৭৪০/- | ৫০০/- | |
| ২০. | চৌদ্দশত বাজার | চৌদ্দশত | ১০,০৭০/- | ৫০০/- | |

Scanned with CamScanner

# শর্তাবলী

১। বাংলা ১৪২৮ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাটবাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিল ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে "উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ সদর" এর অনুকূলে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাটবাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩। দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পচাত্তর ভাগ) অর্থ এবং মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর ও ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে **ব্যাংক ড্রাফটের** মাধ্যমে পরিশোধ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্তকরণ পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাটবাজারের সরকারি মূল্য হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারী ইজারা মূল্য হতে কম হয় তাহলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারামূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না । দরপত্র গ্রহণের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবেনা।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কর্তৃক কোন ক্রমেই হাটবাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি এরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারাদার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করবেন।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষামাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবেনা ।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাটবাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গন্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকি জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাটবাজারের ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন-১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তি পত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৫/০২/২০২২

( মোঃ আব্দুল কাদির মিয়া )
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ ।
টেলিফোন-০৯৪১-৬১৯৬৫
ই-মেইলঃ unokishoreganj@mopa.gov.bd

২৫/০২/২২

Scanned with CamScanner